

আয-যুখরুফ | Az-Zukhruf | الزُّخْرُفُ

আয়াতঃ ৪৩ : ৭৮

আরবি মূল আয়াত:

لَقَدْ جِئْنَاكُمْ بِالْحَقِّ وَلَكِنَّ أَكْثَرَكُمْ لِلْحَقِّ كُرْهُونَ ﴿٧٨﴾

অনুবাদসমূহ:

‘অবশ্যই তোমাদের কাছে আমি সত্য নিয়ে এসেছিলাম; কিন্তু তোমাদের অধিকাংশই ছিলে সত্য অপছন্দকারী*। — আল-বায়ান

আমি তো তোমাদের কাছে সত্য নিয়ে গিয়েছিলাম, কিন্তু তোমাদের অধিকাংশই ছিলে সত্যকে অপছন্দকারী। — তাইসিরুল

আল্লাহ বলবেনঃ আমি তোমাদের নিকট সত্য পৌঁছিয়ে ছিলাম, কিন্তু তোমাদের অধিকাংশই ছিলে সত্য বিমুখ। — মুজিবুর রহমান

We had certainly brought you the truth, but most of you, to the truth, were averse. — Sahih International

* কথাটি আল্লাহর। অর্থ আমি তো তোমাদের কাছে সত্যবাণী পৌঁছিয়েছিলাম।

৭৮. আল্লাহ বলবেন, অবশ্যই আমরা তোমাদের কাছে সত্য নিয়ে এসেছিলাম, কিন্তু তোমাদের বেশীর ভাগই ছিলে সত্য অপছন্দকারী।

-

তাফসীরে জাকারিয়া

(৭৮) (আল্লাহ বলবেন,) আমি তো তোমাদের নিকট সত্য পৌঁছে দিয়েছিলাম; কিন্তু তোমাদের অধিকাংশই তো সত্যবিমুখ ছিলে।[1]

[1] এটা আল্লাহ তাআলার উক্তি অথবা ফিরিশতাগণ আল্লাহর পক্ষ থেকে বলবেন। যেমন কোন বড় অফিসার প্রশাসন বা সরকারের তরফ থেকে ‘আমরা’ শব্দ ব্যবহার করে। এখানে أَكْثَرُ (অধিকাংশ) অর্থ সবাই। অর্থাৎ, সমস্ত জাহান্নামী। অথবা أَكْثَرُ বলতে নেতা ও সর্দারদেরকে বুঝানো হয়েছে। অন্যান্য জাহান্নামীরা তাদের অনুসারী হওয়ার দরুন তাদের মধ্যেই शामिल থাকবে। حَقٌّ (সত্য) বলতে সেই দ্বীন ও পয়গাম, যা পয়গম্বরগণের মাধ্যমে মানুষের মাঝে পাঠিয়েছেন। আর সর্বশেষ حَقٌّ (সত্য) হল কুরআন ও ইসলাম।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4403>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন